

# 🔳 वान-पूर्तिन्न | Al-Mu'minun | ٱلْمُؤْمِنُون

আয়াতঃ ২৩:১

## 💵 আরবি মূল আয়াত:

# قَد اَفلَحَ المُؤمِنُونَ ﴿١﴾

#### 🗚 অনুবাদসমূহ:

অবশ্যই মুমিনগণ সফল হয়েছে, — আল-বায়ান

মু'মিনরা সফলকাম **হয়ে গেছে।** — তাইসিরুল

অবশ্যই সফলকাম হয়েছে মু'মিনগণ- \_ মুজিবুর রহমান

Certainly will the believers have succeeded: — Sahih International

#### ১. অবশ্যই সফলকাম হয়েছে(১) মুমিনগণ,

(১) শুরুশন্দটি কুরআন ও হাদীসে বহুল পরিমাণে ব্যবহৃত হয়েছে। এর অর্থ সাফল্য, [সা'দী] والمستقلة করির অর্থ, উদ্দেশ্য হাসিল হওয়া, অপছন্দ বিষয়াদি থেকে মুক্তি পাওয়া, কারও কারও নিকট; সর্বদা কল্যাণে থাকা [ফাতহুল কাদীর] আয়াতের অর্থ মুমিনরা অবশ্যই সফলতা অর্জন করেছে অথবা মুমিনরা সফলতা অর্জন করেছে এবং সফলতার উপরই আছে। [ফাতহুল কাদীর] তারা দুনিয়া ও আখেরাতের কল্যাণ লাভ করেছে। [আদওয়াউল বায়ান] ইবন আব্বাস থেকে বর্ণিত, আয়াতের অর্থ হচ্ছে, যারা তাওহীদের সত্যতায় বিশ্বাসী হয়েছে এবং জায়াতে প্রবেশ করেছে তারা সৌভাগ্যবান হয়েছে। [বাগভী]

তাফসীরে জাকারিয়া

### (১) অবশ্যই বিশ্বাসীগণ সফলকাম হয়েছে। [1]

[1] كفاره শব্দের আভিধানিক অর্থ হল চিরা, বিদীর্ণ করা, কাটা। চাষীকে كفاره হয়, যেহেতু সেও মাটি চিরে ওর মধ্যে বীজ বপন করে থাকে। مفاله (সফলকাম)ও সে হয়, যে অনেক কষ্ট ও সংকটের বুক চিরে নিজ লক্ষেয় পোঁছতে পারে। অথবা তার জন্য সাফল্যের পথ খুলে যায়; তার জন্য সে পথ বন্ধ হয় না। শরীয়তের দৃষ্টিতে সফলকাম সেই ব্যক্তি, যে ধূলির ধরায় বাস করে নিজ প্রভুকে সম্ভুষ্ট করে নেয় এবং তার বিনিময়ে আখেরাতে আল্লাহর রহমত ও ক্ষমার অধিকারী বিবেচিত হয়। আর সেই সাথে যদি পার্থিব সুখ-শান্তি লাভ হয়, তাহলে তো সোনায় সোহাগা। তবে সত্যিকার সফলতা পরকালের সফলতা; যদিও দুনিয়ার মানুষ এর বিপরীত দুনিয়ার আরাম—আয়েশ ও সুখ-সম্পদকে আসল সফলতা মনে করে। আয়াতে সেই সব মু'মিনদেরকে সফলতার সুসংবাদ শোনানো হয়েছে, যাঁদের মধ্যে উক্ত গুণাবলী বিদ্যমান আছে।



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2674

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন